# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

website: www.krishibank.org.bd
E-mail : dgmonm@krishibank.org.bd
ফোনঃ ৯৫৫১৬৫৫


**ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ**

প্রশাসন (এমপিডি) পরিপত্র নং-০৪/২০১৯ তারিখঃ ২১-০১-২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী এবং সংশ্লিষ্ট আইনের আওতায় বিভিন্ন পদ্ধতিতে পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে ব্যাংকের বিভিন্ন ক্রয়কারী কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ এবং মূল্যায়ন কমিটি আংশিক পুনর্গঠন প্রসঙ্গে।**

ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ হতে জারীকৃত পরিপত্র নং-০৬/২০১৭ তারিখ ২১.০৩.২০১৭ খ্রীঃ অনুসারে গঠিত দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির মাধ্যমে ব্যাংকের প্রয়োজনীয়তা অনুসারে বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২.০। আগামী ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা CBS এর আওতায় আনার বিষয়টি পরিকল্পনাধীন। প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনীর আলোকে কাজের গতিশীলতা, দ্রুততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের সাথে সাদৃশ্য বজায় রেখে বিদ্যমান পরিপত্র অনুসারে বিভিন্ন পণ্য ও সেবা ক্রয় এবং পূর্ত কাজের নিমিত্তে গঠিত কমিটিসমূহ বিগত ১০.০১.২০১৯ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭২৫তম সভায় আংশিক পরিবর্তন ও পুনর্গঠনের প্রস্তাব অনুমোদিত হয়েছে।

৩.০। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে প্রধান কার্যালয় কর্তৃক **১০.০০ কোটি টাকার উর্ধ্বে পণ্য ও সেবা ক্রয় এবং ১৪.০০ কোটি টাকার উর্ধ্বে পূর্ত কাজের জন্য** বিদ্যমান পরিপত্রের (পরিপত্র নং-০৬/২০১৭) ৪.১ অনুচ্ছেদের দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি-৩, ৪.২ অনুচ্ছেদের দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি-৪ এবং ৪.৩ অনুচ্ছেদের দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি-৪ একীভূত করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ০২(দুই) জন বহিঃসদস্যের পরিবর্তে ০৩(তিন)জন বহিঃসদস্যের অন্তর্ভুক্তির মাধ্যমে কমিটি গঠন। অনুরূপভাবে **৫.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ১০.০০ কোটি টাকা পর্যন্ত** পণ্য ও সেবা ক্রয়ের জন্য ৪.১ অনুচ্ছেদের দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি-২, ১০.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ১০.০০ কোটি টাকা **পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে** ৪.২ অনুচ্ছেদের দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি-৩ **এবং ৫.০০ লক্ষ টাকার উর্ধ্ব হতে ১০.০০ কোটি টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয় এবং ১৪.০০ কোটি টাকা পর্যন্ত পূর্ত কাজের** ক্ষেত্রে ৪.৩ অনুচ্ছেদে দরপত্র প্রস্তাব ও মূল্যায়ন কমিটি-২ এবং ৩ একীভূত করে উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ০২(দুই) জন বহিঃসদস্যের পরিবর্তে ০৩(তিন)জন বহিঃসদস্যের অন্তর্ভুক্তির মাধ্যমে কমিটি গঠন এবং ৫.২ অনুচ্ছেদে বিভাগীয় কার্যালয়ের দরপত্র প্রস্তাব ও উন্মুক্তকরণ কমিটি এবং মূল্যায়ন কমিটির আংশিক পরিবর্তনপূর্বক ০২(দুই)জন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করে মূল্যায়ন কমিটি পুনর্গঠন করা হলো। পুনর্গঠিত কমিটিসমূহ নিম্নরূপঃ-

**৩.১ ঃ (১০.০০ কোটি টাকার উর্ধ্বের পণ্য ও সেবা ক্রয় এবং ১৪.০০ কোটি টাকার উর্ধ্বে পূর্ত কাজের ক্ষেত্রে) ঃ ***

| ক্রঃনং | বিদ্যমান কমিটি | | | ক্রঃনং | বর্তমানে অনুমোদিত কমিটি | | |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | ব্যবস্থাপনা পরিচালক | বাংলাদেশ কৃষি ব্যাংক | সভাপতি | (১) | ব্যবস্থাপনা পরিচালক | বাংলাদেশ কৃষি ব্যাংক | সভাপতি |
| (২) | উপব্যবস্থাপনা পরিচালক-১ | বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য | (২) | উপব্যবস্থাপনা পরিচালক | সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত উপব্যবস্থাপনা পরিচালক। অবর্তমানে ব্যাংকের জ্যেষ্ঠ উপব্যবস্থাপনা পরিচালক | সদস্য |
| (৩) | মহাব্যবস্থাপক | প্রশাসন মহাবিভাগ | সদস্য | (৩) | মহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক। অবর্তমানে ব্যাংকের জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক। | সদস্য |
| (৪) | মহাব্যবস্থাপক | আইসিটি মহাবিভাগ | সদস্য | (৪) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৫) | বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি | বাংলাদেশ ব্যাংক, প্রকা,ঢাকা | সদস্য | (৫) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৬) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন প্রতিনিধি | সংশ্লিষ্ট বিভাগ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | সদস্য | (৬) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৭) | উপমহাব্যবস্থাপক | তথ্য প্রযুক্তি বিভাগ | সদস্য সচিব | (৭) | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

*পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী অনুযায়ী বহিঃ সদস্য ২জনের পরিবর্তে ৩জন প্রস্তাব করা হয়েছে। বহিঃসদস্য হিসেবে সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বুয়েটের শিক্ষক/কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি/আইসিটি মন্ত্রণালয়/বিএডিসি/স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর/বিসিক/পূর্ত মন্ত্রণালয়/পরিসংখ্যান ব্যুরো/বিদ্যুৎ উন্নয়ন/পানি উন্নয়ন বোর্ড/ঢাকা ওয়াসা ইত্যাদি থেকে মনোনয়ন দেয়া যাবে। কাজের প্রকৃতি অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি মনোনয়ন করতে হবে।



D:\Circular 2.Salim.doc

৩.২ ঃ (৫.০০ লক্ষ টাকার উর্ধ হতে ১০.০০ কোটি টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয় এবং ১৪.০০ কোটি টাকা পর্যন্ত পূর্ত কাজের ক্ষেত্রে)ঃ**

| ক্রঃনং | বিদ্যমান কমিটি | | | ক্রঃনং | বর্তমানে অনুমোদিত কমিটি | | |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | উপব্যবস্থাপনা পরিচালক | সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত উপব্যবস্থাপনা পরিচালক। অবর্তমানে ব্যাংকের জ্যেষ্ঠ উপব্যবস্থাপনা পরিচালক | সভাপতি | (১) | উপব্যবস্থাপনা পরিচালক | সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত উপব্যবস্থাপনা পরিচালক। অবর্তমানে ব্যাংকের জ্যেষ্ঠ উপব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| (২) | মহাব্যবস্থাপক | আইসিটি মহাবিভাগ | সদস্য | (২) | মহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত মহাব্যবস্থাপক। অবর্তমানে ব্যাংকের জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক। | সদস্য |
| (৩) | মহাব্যবস্থাপক | প্রশাসন মহাবিভাগ | সদস্য | (৩) | মহাব্যবস্থাপক | প্রশাসন মহাবিভাগ | সদস্য |
| (৪) | মহাব্যবস্থাপক | আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ | সদস্য | (৪) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৫) | বাংলাদেশ ব্যাংক/ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন প্রতিনিধি | সংশ্লিষ্ট বিভাগ (বিকেবি বহির্ভূত ব্যাংক/ প্রতিষ্ঠান) | সদস্য | (৫) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৬) | উপমহাব্যবস্থাপক/ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | তথ্য প্রযুক্তি বিভাগ (বিকেবি বহির্ভূত ব্যাংক) | সদস্য | (৬) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৭) | উপমহাব্যবস্থাপক | আইসিটি সিস্টেম্‌স/আইসিটি অপারেশন / কার্ড ও মোবাইল ব্যাংকিং / এইচআরএমডি-১ বিভাগ | সদস্য সচিব | (৭) | উপমহাব্যবস্থাপক | সংশ্লিষ্ট বিভাগ | সদস্য সচিব |

**পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী অনুযায়ী বহিঃ সদস্য ২জনের পরিবর্তে ৩জন প্রস্তাব করা হয়েছে। বহিঃসদস্য হিসেবে সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বুয়েটের শিক্ষক/কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি/আইসিটি মন্ত্রণালয়/ বিএডিসি/ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর/বিসিক/পূর্ত মন্ত্রণালয়/পরিসংখ্যান ব্যুরো/বিদ্যুৎ উন্নয়ন/পানি উন্নয়ন বোর্ড/ঢাকা ওয়াসা ইত্যাদি থেকে মনোনয়ন দেয়া যাবে। কাজের প্রকৃতি অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি মনোনয়ন করতে হবে।

৩.৩। বিভাগীয় কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি-২ (২.০০ লক্ষ টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে)ঃ

| ক্রঃনং | পূর্বের কমিটি | | | বর্তমানে অনুমোদিত কমিটি | | |
|---|---|---|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক | বিকেবি, বিভাগীয় কার্যালয় | সভাপতি | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| (২) | সহকারী মহাব্যবস্থাপক | বিকেবি, বিনিকা/ মুআকা | সদস্য | সহকারী মহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিকেবি, বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |



D:\Circular 2.Salim.doc

৩.৪। বিভাগীয় কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি-২ (২.০০ লক্ষ টাকা পর্যন্ত পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে)ঃ***

| ক্রঃনং | বিদ্যমান কমিটি | | | ক্রঃনং | বর্তমানে অনুমোদিত কমিটি | | |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সভাপতি | (১) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপমহাব্যবস্থাপকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| (২) | উপমহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য | (২) | উপমহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক কার্যালয় | সদস্য | (৩) | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক কার্যালয় | সদস্য |
| (৪) | ব্যবস্থাপক | বিভাগীয় সদর শাখা | সদস্য | (৪) | ব্যবস্থাপক | বিভাগীয় সদর শাখা | সদস্য |
| (৫) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব | (৫) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)/সংশ্লিষ্ট কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

***বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ক্রয় কার্যক্রম বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে সম্পাদন করা হবে।

৩.৫। বিভাগীয় কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি-১ (২.০০ লক্ষ টাকার উর্ধে পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে)ঃ

| ক্রঃনং | প-র্বের কমিটি | | | বর্তমানে অনুমোদিত কমিটি | | |
|---|---|---|---|---|---|---|
| (১) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | বিকেবি, বিভাগীয় কার্যালয় | সভাপতি | উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/সংশ্লিষ্ট পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| (২) | সহকারী মহাব্যবস্থাপক | বিকেবি, বিনিকা/ মুআকা | সদস্য | সহকারী মহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিকেবি, বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

৩.৬। বিভাগীয় কার্যালয়ের দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি-১ (২.০০ লক্ষ টাকার উর্ধে পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে)ঃ ****

| ক্রঃনং | বিদ্যমান কমিটি | | | ক্রঃনং | বর্তমানে অনুমোদিত কমিটি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | (১) | মহাব্যবস্থাপক | বিভাগীয় কার্যালয় | সভাপতি |
| (১) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সভাপতি | (২) | উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/সংশ্লিষ্ট পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য |
| (২) | উপমহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য | (৩) | উপমহাব্যবস্থাপক | বিভাগীয় নিরীক্ষা কার্যালয় | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক কার্যালয় | সদস্য | (৪) | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | মুখ্য আঞ্চলিক কার্যালয় | সদস্য |
| (৪) | ব্যবস্থাপক | বিভাগীয় সদর শাখা | সদস্য | (৫) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| (৫) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব | (৬) | সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ | ব্যাংক বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের উপযুক্ত/যোগ্য প্রতিনিধি। | সদস্য |
| | | | | (৭) | সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)/সংশ্লিষ্ট কর্মকর্তা | বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

****বিদ্যমান কমিটিতে কোন বহিঃ সদস্য না থাকায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী অনুযায়ী ২জন বহিঃ সদস্য প্রস্তাব করা হয়েছে। বহিঃসদস্য হিসেবে সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/বুয়েটের শিক্ষক/কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি/আইসিটি মন্ত্রণালয়/বিএডিসি/স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর/বিসিক/পূর্ত মন্ত্রণালয়/পরিসংখ্যান ব্যুরো/বিদ্যুৎ উন্নয়ন/পানি উন্নয়ন বোর্ড ইত্যাদি থেকে মনোনয়ন দেয়া যাবে। কাজের প্রকৃতি অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধি মনোনয়ন করতে হবে। বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ক্রয় কার্যক্রম বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে সম্পাদন করা হবে।

চলমান পাতা-০৪

৪.০। উল্লিখিত পুনর্গঠিত দরপত্র ও প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি সমূহের কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনী এবং সংশ্লিষ্ট আইনের আওতায় বর্ণিত সকল বিধিবিধান যথারীতি অনুসরণ করে সম্পাদন নিশ্চিত করতে হবে।

৫.০। এমতাবস্থায়, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ ও এর সংশোধনীর আলোকে পুনর্গঠিত কমিটি ব্যাংকের সকল সেবা ও পণ্য ক্রয় কার্য যথানিয়মে সম্পন্ন করবেন। উল্লেখ্য, বর্তমান অনুমোদিত কমিটি ইতোপূর্বে জারীকৃত ২১.০৩.২০১৭ খ্রীঃ তারিখের ০৬/২০১৭ নং প্রশাসন পরিপত্রের আলোকে ক্রয় সংক্রান্ত বিভিন্ন প্রকার কমিটি গঠন বিষয়ক সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহে প্রতিস্থাপিত হবে।

৬.০। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

২১/০১/১৯
(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক

---

নং-প্রকা/এমপিডি-৮৬/২০১৮-২০১৯/ ৯১৫ তারিখঃ ২১/০১/২০১৯ খ্রিঃ

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। <u>পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেম্‌স বিভাগকে অনুরোধ করা হলো।</u>
৬। অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক), বিকেবি রিজিওনাল স্টাফ কলেজ, চট্রগ্রাম/খুলনা।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

২১/০১/১৯
(বেলাল আহমেদ)
উপমহাব্যবস্থাপক